ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালিত

ঝিনাইদহে জাসদের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও সূবর্ণজয়ন্তী পালন করা হয়েছে। সোমবার জেলা জাসদের উদ্যোগে বিকাল ৪টায় শহরের পুরাতন ডিসিকোর্ট চত্ত্বর থেকে দলের বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পোস্ট অফিসের মোড়ে প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় জাসদের উপদেষ্টা পরিষদের সদস্য আলহাজ মনোয়ার হোসেন, জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ সভাপতি এ্যড. আসাদুজ্জামান আব্দুল জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল, যুবজোট নেতা আশানুর রহমান, কেন্দ্রীয় ছাত্রলীগের সহ সম্পাদক বিদুৎ হোসেনসহ জেলা ও উ জেলার নেতৃবৃন্দ।

বক্তারা জঙ্গিবাদী তালেবানী রাজনীতি বন্ধ, মুক্তিযুদ্ধের চেতনায় জাতীয় পুনর্জাগরণ সংঘটিত, দুর্নীতিমুক্ত দলবাজী, গুন্ডাতন্ত্রের বিরুদ্ধে সুসাশন কায়েম, শোষন-বঞ্চনা বৈষম্যের অবসান করে সমাজতন্ত্রের পথে দেশকে এগিয়ে নেওয়ার আহবান জানান।

মেহেরপুর জাসদের ৫০ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা

জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ এর প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়।

সোমবার বিকেলে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাসদের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে এবং মেহেরপুর জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলার সংগঠনিক সম্পাদক আব্দুল মতিন, জাসদ নেতা মিয়াজান আলী, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) এম এ মালেক, বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুর রহমান, সংস্কৃতিজন শামীম জাহাঙ্গীর, ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) জেলার সাধারণ সম্পাদক মীর্জা গালিব উজ্জল, শিক্ষক সাজেদুর রহমান সাজু, সাহিত্যজন আনোয়ারুল আয়ুব, এবং কবি ছড়াকার ও শিক্ষক ইয়ামিন হাসান রুদ্র সহ বিভিন্ন নেতাকর্মী ও বিভিন্ন শ্রেনীপেশার মানুষ উপস্থিত ছিলেন ।

জীবননগর উপজেলা শাখা জাসদের কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জাসদ জীবননগর উপজেলা শাখার কর্মী সম্মেলন মঙ্গলবার বিকাল ৪টায় অনুষ্ঠিত হয়। কর্মী সম্মেলনে সভাপতিত্ব করেন জীবননগর উপজেলা শাখার সভাপতি মো. আব্দুর রশিদ।

জীবননগর শাপলাকলি মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত কর্মী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাসদ কেন্দ্রীয় স্থায়ী কমিটির সদস্য, বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

প্রধান অতিথি তার বক্তেব্যে বলেন, দুর্নীতি, লুণ্ঠন ও দ্রব্য মূল্যের ঊর্ধ্বগতির ফলে দেশের নিম্ন আয়ের মানুষ আজ দিশেহারা। অনেকেই অর্ধাহারে অনাহারে দিন পার করছেন।

জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির ফলে কিৃষতে ব্যপক প্রভাব পড়েছে। উৎপাদন খরচ বেড়ে গেছে অনেক বেশি। উৎপাদিত ফসল বিক্রি করে কৃষক আসল টাকা পাবেনা বলে আশংকা করছেন।

কৃষক সমাজকে বাঁচাতে অতি দ্রুত জ্বালানি তেলের মূল্য পূন

নির্ধারণ করা হোক। আগামী জাতীয় সংসদ নির্বাচন ভোটারদের অংশগ্রহনে অনুষ্ঠিত হওয়ার প্রত্যাশা বাঙালি জাতীর।

অতীতের নির্বাচনের ধারাবাহিকতা আর যেন না হয়। এ লক্ষে গণতন্ত্রের অসাম্প্রদায়িক ও প্রগতিশীল শক্তি ঐক্যবদ্ধ হয়ে একটি জনকল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামে সকলকে শরিক হওয়ার আহবান জানাচ্ছি।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাসদ চুয়াডাঙ্গা জেলার সাধারণ সম্পাদক শামসুল আলম। বাংলাদেশ জাসদ দামুড়হুদা উপজেলা শাখার সাধারণ সম্পাদক আলমগীর রহমান, জীবননগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, সহ-সভাপতি মো. হযরত আলী, জাসদ নেতা মিলন মল্লিক। শুভেচ্ছা বক্তব্য রাখেন কমিউনিস্ট পাটির জীবননগর শাখার সাধারণ সম্পাদক রাজেদুল ইসলাম।

সভার শুরুতে শোক প্রস্তাব পাঠ করেন নাজমুল ইসলাম মন্টু। সভার সঞ্চালক ছিলেন সম্মেলন প্রস্তুতি কমিটির যুগ্ম আহবায়ক হারুন অর রশিদ।

কর্মী সম্মেলনে আব্দুর রশিদকে সভাপতি তারিকুর রহমানকে সাধারণ সম্পাদক ও নাজমুল ইসলাম মন্টুকে সাংগঠনিক সম্পাদক করে ২৯ সদস্যের জীবননগর উপজেলা কমিটি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে জাসদের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে জাসদের বর্ধিত সভা অনুস্ঠিত হয়েছে। গত মঙ্গলবার বিকালে শহরের উজির আলী হাই স্কুল এন্ড কলেজের মিলনায়তনে জেলা জাসদের উদ্যোগে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্ত্তী’র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাসদের স্থায়ী কমিটির সদস্য ও কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারন সম্পাদক ওবায়দুর রহমান চুন্নু। এছাড়া জেলা জাসদের সাধারন সম্পাদক ও জাতীয় যুব জোট কেন্দ্রীয়

কমিটির যুগ্ম সাধারন সম্পাদক শামীম আকতার বাবু, মাগুরা জেলা জাসদের সহ সভাপতি মিয়া ওয়াহিদ কামাল বাবলু, যশোর জেলা জাসদের সাংগঠনিক সম্পাদক শরীফ আহমেদ বাপ্পি, ঝিনাইদহ জেলা জাসদের যুগ্ম সাধারন সম্পাদক আজিজ খান, জেলা জাসদের দফতর সম্পাদক অধ্যাপক শাহানুর আলম, ঝিনাইদহ সদর উপজেলা জাসদের সাধারন সম্পাদক মনিরুজ্জামান উজ্জল, জাসদ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহ সম্পাদক বিদ্যুৎ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সভার সঞ্চালনায় ছিলেন ঝিনাইদহ জেলা জাসদের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক।

বর্ধিত সভায় প্রধান অতিথি ওবায়দুর রহমান চুন্নুসহ অন্যান্য বক্তারা বলেন, জ্বালানী তেল ও সারের বর্ধিত মূল্য প্রত্যাহারের কোন বিকল্প নেই। জ্বালানী তেলের দাম বাড়ার সাথে সাথে দেশের সব কিছুর দাম বেড়েছে। দ্রব্যমূল্যের মূল্যস্ফিতি এমন পর্যায়ে গেছে যা মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। এই মূহুর্তে জ্বালানী তেলের মূল্যবৃদ্ধি প্রত্যাহরসহ নিত্যপণ্যের দাম কমিয়ে কৃষক, শ্রমিক মেহনতি মানুষের ক্রয় সীমার মধ্যে আনতে হবে।

বারাদী ইউনিয়নে জাসদের মনোনীত প্রার্থী প্লাবন

ইউনিয়ন পরিষদ নির্বাচনে মেহেরপুর সদর উপজলার বারাদী ইউনিয়নে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) এর দলীয় মনোনয়ন পেলেন মো: নুর উছ সাফা প্লাবন।

দলীয় সিদ্ধান্ত মতে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) এর মেহেরপুর জেলা শাখার সাধারণ মাহাবুব চান্দু আজ শনিবার (১৪ মে) সকালে তার হাতে দলীয় মনোনয়ন পত্র তুলে দেন। তার দলীয় প্রতিক মশাল।

মো: নুর উছ সাফা প্লাবন মেহেরপুর জেলা যুবজোটের সভাপতি হিসেবে সততা ও দক্ষতার সাথে দায়ীত্ব পালন করে আসছেন।

মো: নুর উছ সাফা প্লাবন জানান, বিভিন্ন সেবা দিয়ে এলাকার মানুষের পাশে থেকে কাজ করেছি। এলাকার মানুষও আমাকে ভালবাসেন। আমি এলাকার কাঙ্খিত উন্নয়নে নিজেকে নিয়োজিত করবো।